মুজিবনগরে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির জনসভা উপলক্ষে প্রস্তুতি সভা

মেহেরপুরের মুজিবনগরে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির জনসভা সফল করার লক্ষে প্রস্তুতি সভা করেছে ইউনিয়ন বিএনপি।

আজ শনিবার রাত সাড়ে ৮ টার সময় দারিয়াপুর খানপুর ইউনিয়ন বিএনপির অফিসে অনুষ্ঠিত প্রস্তুতি মূলক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

জেলা বিএনপির সদস্য হাশেম আলীর সভাপতিত্বে প্রস্তুতি সভায় অন্যদের মধ্যে উপস্হিত ছিলেন, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি সামসুজোহা, সাধারন সম্পাদক শহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা যুবদলের সভাপতি আবুল হাসান, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির।

দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র জনসভা সফল করার লক্ষ্যে প্রস্তুতি সভায় ইউনিয়ন বিএনপির সিনিয়র নেত সহ দারিয়াপুর ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপি’র বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ভারতীয় ১১ কেজি গাঁজাসহ আটক-১

মেহেরপুরের মুজিবনগরে ১১ কেজি ভারতীয় গাঁজাসহ দীপক (২৬) নামের এক গাঁজা ব্যবসায়ীকে আটক করেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)।

আজ শুক্রবার (১৮ অক্টোবর) সন্ধ্যায় মুজিবনর উপজেলার বল্লভপুর গ্রামে গোপন সংবাদে অভিযান চালিয়ে তাকে গাঁজাসহ আটক করেন।

চুয়াডাঙ্গা ৬ বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) মুজিবনগরের আনন্দবাস বিওপি কমান্ডার হাবিলদার রফিকের নেতৃত্বে সঙ্গীয় ফোর্সসহ এই অভিযান পরিচালনা করেন।

মাদক ব্যবসায়ী দীপক মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের উজ্জল হোসেনের ছেলে।

আনন্দবাস বিওপি কমান্ডার হাবিলদার রফিক জানান, গাঁজার একটি চালান পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে বল্লভপুর গ্রামে অভিযান চালানো হয়। বিজিবির উপস্থিতি টের পেয়ে একজন পালিয়ে গেলেও ১১ কেজি গাঁজাসহ দীপক আটক হন। এঘটনায় পলাতক রয়েছেন একই গ্রামের পিন্টু হোসেনের ছেলে রাজু আহমেদ (৩২)। তাকেও আটকের চেষ্টা চলছে।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আটক দীপককে মুজিবনগর থানা পুলিশে হস্তান্তর করা হয়েছে।

সোনার বাংলা গড়তে হলে আগে সোনার মানুষ বানাতে হবে– জেলা আমির মাও: তাজউদ্দীন খাঁন

৫ আগস্ট এর আগে মনে হতো দেশে একটাই দল ছিল আওয়ামী লীগ। তারা মনে করেছিলো তারাই সারাজীবন রাজত্ব করে যাবে। কিন্তু আল্লাহর মাইর দুনিয়ার বাইর।

১৭ টা বছর আমাদের উপর যে জুলুম, অত্যাচার এবং নির্যাতন করে গিয়েছে এটা মুখে বলে বলে শেষ হবেনা। আপনারা সবকিছু জানেন। তারা বিভিন্নভাবে জামায়েত ইসলাম দলটিকে দাবাতে চেষ্টা করেছিল। ৭১ সালের অজুহাত দিয়ে আমাদের দাবিয়ে দেওয়া হলো। তারা চেয়েছিলো এই দলটিকে শুধু বাংলাদেশ থেকে নয় পৃথিবী থেকে শেষ করে দেয়া হবে। কিন্তু সেটা পারেনি। বরং বাংলাদেশের বারোটা পর্যন্ত বাজিয়ে দিয়েছে তারা।

দারিয়াপুর ইউনিয়ন জামায়াতে ইসলামের আয়োজনে এক কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এ সকল কথা বলেন মেহেরপুর জেলা জাময়াতের আমির মাওঃ তাজউদ্দীন খান।

তিনি আরো বলেন, গণতন্ত্রের মানুষ কন্যা গণতন্ত্র প্রতিষ্ঠা করবে বলে বক্তব্য দিয়েছে। কিন্তু সেই গণতন্ত্রের কারণে এ জাতি দুঃশাসনে পড়েছে।

গত ১৭ বছর তারা ক্ষমতায় থেকে বর্তমানে বাংলাদেশে প্রায় ১৮ লক্ষ কোটি টাকা ঋণ। বাংলাদেশের জনবল হিসেবে প্রতিটা মানুষের মাথায় ১ লাখ টাকা করে ঋণের বোঝা পড়ছে। বর্তমানে যে শিশু জন্মগ্রহণ করছে সেই শিশু এক লাখ টাকা ঋণের বোঝা মাথায় নিয়ে পৃথিবীতে আসছে।

তিনি বারবার বক্তব্য দিতেন বাংলাদেশকে সোনার বাংলা হিসাবে পরিণত করবে। কিন্তু তিনি করতে পারেন নি। কারণ সোনার বাংলা গড়ার টাকা দিয়ে তাদের নেতাকর্মীরা বড় বড় বিল্ডিং বানিয়েছে, বিদেশে ব্যবসা তৈরি করেছে। তাই বক্তব্য দিয়ে কোনদিন দেশের পরিবর্তন আনা যাবে না, এমনকি সোনার বাংলাও করা যাবে না। সোনার বাংলা গড়তে হলে আগে সোনার মানুষ বানাতে হবে। আমরা চাই আগামী দিনে কল্যাণ রাষ্ট্র পরিণত করতে আমাদের সকলকে এগিয়ে আসতে হবে।

কর্মী সভায় দারিয়াপুর ইউনিয়ন জামায়াতে ইসলামের আমির মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতে ইসলামের আমির মাওঃ খানজাহান আলী, উপজেলা কর্ম পরিষদের সদস্য হাফেজ মাওঃ ফিরাতুল ইসলাম।

দারিয়াপুর ইউনিয়ন জামায়াতে ইসলামের সাধারন সম্পাদক আব্দুল হালিমের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা জামায়াতে ইসলামের সাধারন সম্পাদক আবুল বাশার, জেলা কর্ম পরিষদের সদস্য জারজিস হুসাইন, উপজেলা কর্ম পরিষদের সদস্য মোশাররফ হোসেন, আমীর হোসেন, ফজলুল হক গাজী প্রমুখ।

অনুষ্ঠানে দারিয়াপুর ইউনিয়ন,ওয়ার্ড জামায়াতে ইসলামের নেতাকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে পরিত্যাক্ত অবস্থায় ২৮৩ বোতল ফেনসিডিল উদ্ধার

মেহেরপুরের মুজিবনগরে পরিত্যাক্ত অবস্থায় ২৮৩ বোতল নিষিদ্ধ মাদক ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে বিজিবি।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ দিকে মুজিবনগর বিজিবি ক্যাম্পের একটি টহল টিম উপজেলা সোনাপুর গ্রামের মাঝপাড়া সীমান্তের ১০৫/৩ এস পিলার থেকে ৪০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে মাঝপাড়া কবরস্থানের পাশে লিচু বাগান থেকে পরিত্যাক্ত অবস্থায় ফেনসিডিল গুলো উদ্ধার করে।

মুজিবনগর বিজিবির কোম্পানি কমান্ডার সুবেদার আবুল বাশার জানান, ভারত থেকে সোনাপুর মাঝপাড়া সীমান্ত দিয়ে একটি ফেনসিডিলের চালান আসছে এমন গোপন সংবাদের ভিত্তিতে বিজিবির টহল টিম অভিযান পরিচালনা করে। বিজিবির উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ীরা কবরস্থানে পাশে লিচু বাগানের মধ্যে ফেনসিডিল গুলো ফেলে পালিয়ে যায়। পরে বিজিবি সেখানে গিয়ে ২৮৩ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

তিনি আরো জানান, উদ্ধারকৃত ফেনসিডিলের উদ্ধারের বিষয়ে মুজিবনগর থানায় একটি জিডি করা হবে এবং ফেনসিডিল গুলো বিজিবি সেক্টরে জমা দেওয়া হবে।

মুজিবনগরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন

মুজিবনগরে “আগামী প্রজন্মকে সক্ষম করি দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি” এই প্রতিপাদ্যে পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৪। মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে এবং উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ এর বাস্তবায়নে,আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৪ উদ্যাপন উপলক্ষ্যে র্যালি, আলোচনা সভা, ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠিত হয়েছে।

দিবসটির পালন উপলক্ষে সকালে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে একটি বর্ণাঢ্য রেলি উপজেলা পরিষদ থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয় সেখানে উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্সের তত্ত্বাবধানে ভূমিকম্প ও অগ্নি নির্বাপক মহড়া অনুষ্ঠিত হয়। বিশেষ করে ভাসমান পানির উপরে লাগা আগুন কিভাবে নেভাতে হয় গ্যাস সিলিন্ডারে লাগা আগুন কিভাবে নেভাতে হয় এবং বহুতল ভবনে অগ্নিকাণ্ড ঘটলে ফায়ার ফাইটাররা কিভাবে আগুন নির্বাপন করে তার মহড়া অনুষ্ঠিত হয়।
পরে উপজেলা পরিষদ মিলোনায়তনে দিবস টি উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ও প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলমের সঞ্চালনায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
র্যালী ও আলোচনা সভায় উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ তদন্ত আমিনুল ইসলাম, উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্স কর্মকর্তা শাহজাহান আলী, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্সসহ উপজেলার কর্মকর্তা কর্মচারী এবং মুজিবনগর শিশু পরিবারের ছাত্র-ছাত্রীরা।
এ সময় বক্তরা বলেন, যে কোনো দুর্যোগে যথাযথ পূর্বাভাস, প্রস্তুতির মাধ্যমে ঝুঁকিহ্রাস করে জনগণের জানমালের ক্ষতি কমিয়ে আনা সম্ভব। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বহুমুখী পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে। বর্তমান সরকারের নীতি পরিকল্পনায় ইতোমধ্যে দুর্যোগ কালীন বিভিন্ন ব্যবস্থাপনার মাধ্যমে ঝুঁকি হ্রাস কৌশল অন্তর্ভুক্ত হয়েছে এবং সবধরনের দুর্যোগ মোকাবেলায় সরকার বহুমুখী কর্মসূচি বাস্তবায়ন করছে।
দুর্যোগ মোকাবেলায় এসব কর্মপরিকল্পনা গ্রহণ করায় বহিঃর্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে এবং দুর্যোগ ব্যবস্থাপনায় আমাদের সক্ষমতার পরিচিতি বৃদ্ধি পেয়েছে।

মুজিবনগরের মোনাখালীতে মিডা আয়োজিত কুইজ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

মুজিবনগরের মোনাখালীতে মিডা’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত কুইজের পুরস্কার ও শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ এবং আলোচনা অনুষ্ঠান-২০২৪” অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৪ টার সময় মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মিডা’র সভাপতি মো: মনিরুল ইসলামের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগের সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রধান শিক্ষক ও মিডা’র উপদেষ্টা আনারুল ইসলাম, রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় (সাবেক) প্রধান শিক্ষক ও মিডা’র উপদেষ্টা মো: ফিরাতুল ইসলাম, মিডা সাধারণ পরিষদের সদস্য রোকনুজ্জামান বকুল।

এ ছাড়াও উপস্থিত ছিলেন মিডার প্রতিষ্ঠাকালীন সভাপতি হাসানুজ্জামান (সোহাগ), সাবেক সহ সভাপতি মিজানুর রহমান ও রাজু আহম্মেদ, সদস্য ফারিদুল ইসলাম, মাহফুজ ইমন, সম্রাট, রাকিব, আল আয়মান (সোহান), রিফাত বিশ্বাস অন্তর, হামিম বিশ্বাস, তামিম, পলক প্রমুখ।

অনুষ্ঠান শেষে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা, কুইজের উত্তীর্ণ ৯ জনকে পুরস্কৃত ও প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়।

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেলে বল্লভপুর মুসলিমপাড়া বিএনপির আয়োজনে, যুবক্লাব প্রঙ্গনে এই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিলে বাগোয়ান ইউনিয়নের ৬ নং ওয়ার্ড যুবদলের সভাপতি গোলাম জিলানী খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপি নেতা বাবলা মল্লিক,

উপজেলা কৃষকদলের নেতা রমজান আলী, বিএনপি নেতা রহিত মোড়ল, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজীর, কেদারগঞ্জ বাজার কমিটির সভাপতি আব্দুস সবুর, জেলা যুবদলের সহসভাপতি আব্দুল হামিদ, উপজেলা যুবদলের সিনিয়র সহসভাপতি, শফিকুল ইসলাম, তরুন উদিয়মান যুবনেতা আরবাজ খাঁন।

প্রধান অতিথির বক্তব্যে আব্দুর রশিদ বলেন, আওয়ামীফ্যাসীবাদী সরকারের দীর্ঘদিনের জুলুম নির্যাতন, হামলা মামলা সহ্য করে জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে ধীরে ধীরে লৌহ ইস্পাত কঠিন হয়েছে মেহেরপুর জেলা বিএনপি। জুলাই আগস্ট এ ছাত্র-জনতার মহা সংগ্রামের মধ্য দিয়ে মুক্তি পেয়েছে নির্যাতিত জাতি অজস্র বিএনপি ছাত্রদল যুবদল নেতা কর্মীদের রক্তঝরানো সংগ্রাম এবং পরিশেষে জুলাই আগস্ট এর ছাত্র জনতার মহা সংগ্রাম এবং বুকের তাজা রক্ত ফেলে দিয়ে এই দেশকে ফাঁসিবাদ মুক্ত করেছে। ওই হায়েনা শেখ হাসিনার হাত থেকে মুক্ত হয়েছে বাংলাদেশ মানুষ এখন মুক্ত বাসার বাতাসে প্রাণ ভরে নিঃশ্বাস নিচ্ছে। আজ এই মুসলিম পাড়া বিএনপির আয়োজিত এই সভায় আমরা প্রাণ ভরে দোয়া করি সেই মহান আল্লাহর কাছে বাংলাদেশের আপসহীন নেত্রী বেগম খালেদা জিয়াকে যেন তাড়াতাড়ি সুস্থ করে দেন।

১৬ বছর ধরে নির্যাতিত সকল বিএনপি নেতা কর্মীদের একত্রিত হয়ে আগামীতে বিএনপির হাতকে শক্তিশালী করে বিএনপিকে ক্ষমতায় এনে সারা বাংলাদেশের মানুষকে একটি সুন্দর বাংলাদেশ উপহার দিতে হবে। এজন্য সমস্ত ভেদাভেদ ভুলে সকল বিএনপির নেতা কর্মীরা এক হয়ে কাজ করে যেতে হবে।

এ সময় তিনি জুলাই আগস্টে নিহত সকল ছাত্র-জনতার আত্মার মাগফেরাত কামনা করেন এবং যারা আহত হয়েছেন তাদের দ্রুত রোগ মুক্তি কামনা করেন।

মুজিবনগরে অনলাইন জুয়াড়ির

বাগান বাড়িতে যৌথ বাহিনীর অভিযান আটক ৪

মুজিবনগর এলাকার শীর্ষ অনলাইন জুয়াড়ির বাগান বাড়িতে অভিযান চালিয়ে চারজনকে আটক করেছে যৌথ বাহিনী।

আটকরা হলেন, মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের আওয়ামীলীগ নেতা রফিকুল ইসলাম রফা গাইনের ছেলে এলাকার শীর্ষ অনলাইন জুয়াড়ি মোঃ শাহরিয়ার আজম পরাগ (৩০), রায়হান আলীর ছেলে মুস্তাফিজুর রহমান (৩৫), ভবানীপুর গ্রামের উকিল শেখের ছেলে মোঃ সন্তোষ (৩২) ও শিবপুর গ্রামের আইর উদ্দিনের ছেলে রিপন (২৭)।

এসময় তাদের কাছ থেকে পাঁচটি এন্ড্রয়েড মোবাইল ফোন, ৩ বোতল ভারতীয় ফেনসিডিল, ১০০ গ্রাম গাঁজা ও ৩ টি গাঁজা খাওয়ার কল্কি জব্দ করা হয়েছে।

বৃহস্পতিবার (১০ অক্টোবর) দিবাগত মধ্যরাতে যৌথবাহিনির একটি টিম শিবপুর গ্রামের কুশকরালী মাঠে অনলাইন জুয়াড়ি লিপুর বাগান বাড়িতে অভিযান চালিয়ে তাদের আটক করেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, গোপন সংবাদের ভিত্তিতে যৌথবাহিনীর একটি দল ওই বাগান বাড়িতে অভিযান চালায়। অভিযানে চার ব্যক্তি আটক হয়। এসময় তাদের কাছ থেকে পাঁচটি এন্ড্রয়েড মোবাইল ফোন, ৩ বোতল ফেনসিডিল ১০০ গ্রাম গাঁজা ও ৩ টি গাঁজা খাওয়ার কল্কি জব্দ করা হয়েছে। তবে, তাদের মোবাইল ফোন চেক করে অনলাইন জুয়ার তথ্য মেলেনি। আটকদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালন

মুজিবনগরে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
রবিবার সকাল ১০ টার সময় উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পরিষদ প্রাঙ্গণে শেষ হয়।
র্যালি শেষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে ও সঞ্চালনায়, উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্য (তদন্ত) আমিরুল ইসলাম, উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর চিকিৎসক ডা: সুপ্রিয়া গুপ্ত, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক, সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কর্মকর্তা শাজাহান আলী, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, মহাজনপুর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মইনুদ্দিনসহ ইউনিয়ন পরিষদের সদস্য,সচিব, কম্পিউটার অপারেটর, গ্রাম পুলিশ, বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী বৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে চাঁদাবাজি মামলায় ছাত্রলীগের সাবেক সভাপতিসহ ৫ জন আটক

মুজিবনগরে চাঁদাবাজি মামলায় উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতিসহ ৫ জনকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের রফিকুল ইসলামের ছেলে খোরশেদ আলমের দায়েরকৃত চাঁদাবাজি মামলায় আসামীদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের (সাবেক) সভাপতি মহাজনপুর গ্রামের আ:সাত্তারের ছেলে হেলাল উদ্দীন লাভলু, বিশ্বনাথপুর গ্রামের আইয়ুব আলী ছেলে আব্দুস সালাম, একই গ্রামের মৃত মকছেদ মন্ডলের ছেলে বাহালুল ইসলাম, দারিয়াপুর গ্রামের মৃত আমিন উদ্দিনের ছেলে জিয়ারুল ইসলাম এবং কোমরপুর গ্রামের আলিহিম মন্ডলের ছেলে আজিজুল হক ভটু।

ভুক্তভোগী খোরশেদ আলম ২৭ জনের নাম উল্লেখসহ আরো অজ্ঞাতনামা ২০-২৫ জনকে আসামি করে ২ তারিখ বুধবার দিবাগত রাতে মুজিবনগর থানায় মামলাটি দায়ের করেন।

মামলার অভিযোগ সূত্রে জানা গেছে, গোপালপুর গ্রামের খোরশেদ আলমের বামনপাড়া বাজারে রফিক কার ওয়াশ ও ভলকানাইজিং ওয়ার্কসপ ছিল। টাকার প্রয়োজনে ওয়ার্কসপটি গত এপ্রিল মাসের ২৫ তারিখে খোরশেদ আলম বামন পাড়া গ্রামের মৃত মোকসেদ মির এর ছেলে মারুর নিকট ১৮ লাখ টাকায় বিক্রি করে। এই বিষয়টি আসামিগণ জানতে পেরে গত এপ্রিল মাসে ৩০ তারিখ আনুমাসিক রাত আটটার দিকে মামলায় উল্লেখিত আসামিগণ সহ আরো ২০-২৫ জন অজ্ঞাতনামা লোক বিভিন্ন দেশিও অস্ত্র ও অবৈধ আগ্নেয় অস্ত্র সহ খোরশেদ আলমের বাড়িতে ঢুকে তাকে ঘিরেধরে হত্যার হুমকি দিয়ে ১০ লক্ষ টাকা চাঁদা দাবি করে। চাঁদা না দিলে তাকে প্রাণে মেরে ফেলার হুমকি প্রদান করে। প্রাণ ভয়ে খরশেদ আলম ঘরে থাকা ৫ লক্ষ টাকা আসামিদের দিয়ে দেয়। ৫ লক্ষ্য টাকা পেয়ে আসামিগণ এক সপ্তাহের মধ্যে বাকি ৫ লক্ষ টাকা পরিশোধ না করলে তাকে খুন করা হবে বলে হুমকি প্রদান করে চলে আসে। সেই সময় ঘটনার বিষয়ে খোরশেদ আলম মুজিবনগর থানায় এটি অভিযোগ দায়ের করতে গেলে থানা কর্তৃপক্ষ অজ্ঞাত কারণে অভিযোগটি গ্রহণ করেনি। একথা জানতে পেরে পুনরায় আসামিগণ খোরশেদ আলম কে হত্যার হুমকি দিলে তিনি প্রান ভয়ে আদালতেও মামলা করেনি। বর্তমানে রাজনৈতিক পট পরিবর্তন হওয়ার কারণে ন্যায় বিচার পাওয়ার সুযোগ সৃষ্টি হওয়ায় তিনি এই মামলা দায়ের করেন বলে তিনি প্রতিবেদক কে জানান।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল আলম জানান, খোরশেদ আলমের দায়েরকিত মামলায় অভিযান চালিয়ে এজাহার ভুক্ত আসামীদের গ্রেফতার করে কোর্টে প্রেরণ করা হয়েছে। অন্য আসামিদের গ্রেফতার করতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।